



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)

টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

www.btcl.gov.bd | বিটিসিএল. বাংলা

বিটিসিএল এর আইনজীবী প্যানেলভুক্তির জন্য বিজ্ঞপ্তি।

স্মারক নং: ১৪.৩৩.০০০০.০২৪.০৬.০০২.২৪.৫১

তারিখ: ২২.১০.২০২৫ খ্রি.

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) কর্তৃক সারা বাংলাদেশে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আইনজীবী প্যানেলভুক্তির জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

যোগ্যতা ও অভিজ্ঞতা

- ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে। আইন বিষয়ে উচ্চতর ডিগ্রীধারী আবেদনকারী অগ্রাধিকার পাবেন।
- ২। উচ্চ আদালতের ক্ষেত্রে প্রার্থীর হাইকোর্ট ও আপীল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে এবং হাইকোর্ট বিভাগে ১০ (দশ) বছরের মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩। নিম্ন আদালতের ক্ষেত্রে প্রার্থীর ০৮ (আট) বছরের মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
- ৪। নিম্ন আদালতের ক্ষেত্রে প্রার্থীর জজ কোর্টের এনরোলমেন্ট থাকতে হবে এবং হাইকোর্ট বিভাগের এনরোলমেন্ট অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
- ৫। প্রার্থীর দেওয়ানী আইন, ফৌজদারী আইন, বাংলাদেশের শ্রম আইন, কোম্পানী আইন, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন, চুক্তি আইন, ভূমি সংক্রান্ত আইন, সরকারী পাওনা আদায়, সালিশি আইন, টেলিযোগাযোগ নীতিমালা সংক্রান্ত আইন ও বিধিমালা বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
- ৬। শিক্ষাগত যোগ্যতাসহ সকল প্রকার সনদের অনুলিপি, জাতীয় পরিচয়পত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক দরখাস্ত আগামী ১৩ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে জিএম (লিগ্যাল অ্যান্ড ইনভেস্টিগেশন), প্রধান কার্যালয়, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ বরাবর ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করতে হবে।
- ৭। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের ডাকা হবে।

প্যানেলভুক্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী বিটিসিএল-এর ওয়েব সাইটে (www.btcl.gov.bd) পাওয়া যাবে।

দীল পিয়ারা খানম

জিএম (লিগ্যাল অ্যান্ড ইনভেস্টিগেশন)

ফোন: ০২-৫৫১৪১৭৬০

বিটিসিএল এর প্যানেল আইনজীবীর তালিকাভুক্তির জন্য তথ্যাদি

আবেদনের সাথে সংযুক্ত তথ্যাদি:

প্রাণীর নাম, পিতা/স্বামী ও মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পরীক্ষার নাম, পাসের বছর, প্রাপ্ত বিভাগ/শ্রেণি, বোর্ড বিশ্ববিদ্যালয়ের নাম প্রশিক্ষণ ও অভিজ্ঞতার বিবরণ সনদসহ সকল শিক্ষা সনদের অনুলিপি, জাতীয় পরিচয় পত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং মোবাইল নম্বরসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আগামী ১৩ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ডাকযোগে অথবা সরাসরি আবেদন করতে হবে।

শর্তাবলী:

- ০১। নিয়োগের মেয়াদকাল: যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসর বা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।
- ০২। বিটিসিএল এর ধার্যকৃত রেট সিডিউল অনুযায়ী ভাতা (সরকারি ভ্যাট ও ট্যাক্সসহ) প্রাপ্য হবেন।
- ০৩। বিটিসিএল এর স্বার্থ আছে এমন কোন মামলায় বিটিসিএল এর বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
- ০৪। আইন উপদেষ্টার অনুপস্থিতিতে বিটিসিএল এর পক্ষে বিভিন্ন নথিতে মতামত প্রদান করবেন। বিটিসিএল এর রেট সিডিউল অনুযায়ী সম্মানি (সরকারি ভ্যাট ও ট্যাক্সসহ) প্রাপ্য হবেন।
- ০৫। কোনো প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর প্যানেলভুক্তি বাতিল বা স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৬। প্যানেল আইনজীবী বা বিটিসিএল উভয় পক্ষই নিজস্ব প্রয়োজনে ৩০ দিনের নোটিশে এই প্যানেল হতে অব্যাহতি দিতে করবেন।

shakib